



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



তাগিদ পত্র

নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১৬/২২৫৭/৬

তারিখঃ ০৬.০৪.২০১৯খ্রিঃ

বিষয়ঃ- সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে বোর্ডকে অবহিতকরণ প্রসঙ্গে।

১) সূত্র: নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট-১৬/২২৩৮/৫; তারিখ : ১০/০১/২০১৯ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাগেরহাট জেলার সদর উপজেলাধীন হাবেলী ছালেহিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত সুপার কে. এম. ওমর ফারুক এর সাময়িক বরখাস্ত কালীন বেতন ভাতা পাওয়ার জন্য জেলা জজ আদালতে মামলা নং-৩১৯/২০১৪ ও মিস আপিল ৪৬/২০১৭ দায়ের করিলে তিনি সাময়িক বরখাস্ত থাকা কালীন সময় বেতনভাতা পাওয়ার আদেশ পান, কিন্তু ০২ বছর কাল অতিবাহিত হওয়ার পরও তাকে বেতন ভাতা প্রদান করা হয়নি মর্মে অত্র বোর্ডে আবেদন করলে তার প্রেক্ষিতে (১) নং স্মারকের আলোকে মাদ্রাসার সুপার প্রয়োজনীয় কাগজপত্রসহ অত্র বোর্ডে প্রেরণ করেন। পরবর্তীতে উক্ত মামলার তড়িং নিষ্পত্তি ও সাময়িক বরখাস্তকৃত সুপারের বিরুদ্ধে বিধিমোতাবেক তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া ও খোরপোষ ভাতার বিষয়ে গৃহীত পদক্ষেপ অত্র বোর্ডকে অবহিত করার জন্য নং-বামাশিবো/প্রশা/২২৫০/২/নথি নং বাগেরহাট-১৬; তারিখ: ০৩/০৩/২০১৯ খ্রিঃ এ পত্র প্রেরণ করলে অদ্যাবধি কোন জবাব প্রেরণ করেননি।

বর্ণিত অবস্থায় ছালেহিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষকে মামলার তড়িং নিষ্পত্তি ও সাময়িক বরখাস্তকৃত সুপারের বিরুদ্ধে বিধিমোতাবেক তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া ও খোরপোষ ভাতার বিষয়ে গৃহীত পদক্ষেপ অত্র বোর্ডকে পত্র পাওয়ার ১৫ (পনের) কর্মদিবসের মধ্যে অবহিত করার জন্য পুনরায় নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বি:দ্র: বিষয়টি অতিব জরুরী।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

সুপার
হাবেলী ছালেহিয়া ইসলামিয়া দাখিল মাদ্রাসা
সদর, বাগেরহাট।

নং-বামাশিবো/প্রশাসন/বাগেরহাট -১৬/২২৫৭/৬

তারিখঃ ০৬.০৪.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, বাগেরহাট।
২. জেলা শিক্ষা অফিসার, বাগেরহাট।
৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, বাগেরহাট।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন নং ৯৬৬৭৪৮৭৪